

ভারতের রাজনৈতিক ইতিহাস

(সংক্ষিপ্ত)

প্রথম খন্ড

ইতিহাসকে দেখার ও পুনর্নির্মাণের বিভিন্ন দৃষ্টিকোণ, সূত্র ও ধারা আছে। কোনটিই সম্পূর্ণ বা সম্পূর্ণ ত্রুটিমুক্ত নয়। অনেক ঘটনাই এখনবধি অজানা অথবা প্রমাণ সাপেক্ষ নয়। কারণ লিখিত ইতিহাস চর্চা ও ঐতিহাসিক সামগ্রী সংরক্ষণ অনেক দেরীতে শুরু হয়েছে। প্রাকৃতিক দুর্যোগ, অগ্নিকাণ্ড, কীটদংশন, যুদ্ধ, লুণ্ঠপাট, রাজনৈতিক আলোড়নের ফলে তাদের মধ্যে অনেক সামগ্রী হারিয়ে গেছে বা ধ্বংস প্রাপ্ত হয়েছে। আবার প্রতিনিয়ত নতুন নতুন প্রত্নসামগ্রী ও ইতিহাসের চিহ্ন আবিষ্কার হয়ে চলেছে। তাই সংকলনের ক্ষেত্রে প্রয়োজনীয় ও আপেক্ষিক গ্রহণযোগ্য তত্ত্ব ও তথ্যগুলির উপর নির্ভর করা হয়েছে। আর অকপটে বলে রাখা ভাল যে আমরা ইতিহাসবিদ নই এবং আমাদের এই সংকলন যে সম্পূর্ণ নির্ভুল কখনই দাবী করি না। আমরা মনে করি কোন জনজীবন ও তার সভ্যতা অনেক অনেক ঐতিহাসিক ঘটনা পরম্পরায় গড়ে ওঠে। ইতিহাসের ইতিবাচক ও নেতিবাচক শিক্ষাগুলি তাদের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পাঠ্য। গ্রন্থবিপণিতে ইতিহাসের যে গ্রন্থগুলি পাওয়া যায় সেগুলি মূলত পাঠ্যপুস্তক অথবা গবেষণা বৃত্তান্ত। তাই ভারতীয় ইতিহাসের জ্ঞাত, নয় হাজার বছরের রত্নভান্ডারকে সংক্ষেপে এক সাথে দেশবাসীর কাছে তুলে ধরার এই সামান্য প্রয়াস।



একটি 'স্বাস্থ্য, শিক্ষা, উন্নয়ন' উদ্যোগ



সংকলন : অরুণি সেন | সম্পাদনা : দেবাশিষ মুখোপাধ্যায় | একটি 'স্বাস্থ্য, শিক্ষা, উন্নয়ন' উদ্যোগ

